গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
আইসিটি শাখা
www.motj.gov.bd

# প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক ইত: পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা,সহজিকৃত ও ডিজিটাইজকৃত নিম্নোক্ত সেবা সমূহ চালু রয়েছে।

| ক্র. নং | সেবার নাম | লিংক |
|---|---|---|
| ০১ | অনলাইন আইসিটি সল্যুশন সিস্টেম | http://onlineict.alimzaman.live/ |
| ০২ | মিল ম্যানেজমেন্ট সফটওয়্যার | https://motjbd.com/public/login |
| ০৩ | ই-লাইব্রেরী ম্যানেজমেন্ট সিস্টেম | http://www.motjelibrary.22web.org/ |
| ০৪ | অনলাইনে বাসা বরাদ্দের আবেদনঃ | https://motjonlinebasa.com// |
| ০৫ | "ই-স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম" | https://motjdigitalstore.gov.bd/login |

29/03/2026

মো: আমিনুল ইসলাম
প্রোগ্রামার
ও সদস্য সচিব ইনোভেশন টিম
বস্ত্র ও পাট মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
আইসিটি সেল
www.motj.gov.bd

স্মারক নম্বর: ২৪.০০.০০০০.১২৩.৯৯.০১১.১৯.৬৩

তারিখ: ২ আশ্বিন ১৪৩০
১৭ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত এবং ডিজিটাইজকৃত সেবার তালিকা প্রেরণ

সূত্র: স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩৩.০৪.০০২.২০.১৫৫; ২৪ আগস্ট ২০২৩ মন্ত্রিপরিষদ বিভাগের চিঠি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের ই-সার্ভিস মনিটরিং কমিটির সভার কার্যবিবরণীর ২.১-এর সিদ্ধান্ত অনুযায়ী "মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের অফিস কর্তৃক গৃহীত ই-সেবার তালিকা মন্ত্রিপরিষদ কর্তৃক প্রস্তুতকৃত ছকে প্রেরণ করতে হবে।"

০২। এমতবস্থায়, উক্ত সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক একটি ডাটাবেজ প্রণয়নের নিমিত্ত মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত এবং ডিজিটাইজকৃত সেবার তালিকা সংযুক্ত ছক মোতাবেক সফট কপিতে (ওয়ার্ড ফাইলে) পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা,

১৭-৯-২০২৩
মোঃ আমিনুল ইসলাম
প্রোগ্রামার
ফোন: ০২-৯৫৪৫৯২২
ইমেইল: aminul.bpsc@gmail.com

যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ই-গভর্নেন্স-২ অধিশাখা
মন্ত্রিপরিষদ বিভাগ

২৩/০৯/২০২৩

স্মারক নম্বর: ২৪.০০.০০০০.১২৩.৯৯.০১১.১৯.৬৩/১(৪)

তারিখ: ২ আশ্বিন ১৪৩০
১৭ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন অনুবিভাগ, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
৩) সচিবের একান্ত সচিব, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

১৭-৯-২০২৩
মোঃ আমিনুল ইসলাম
প্রোগ্রামার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয়/বিভাগের নাম: বস্ত্র ও পাট মন্ত্রণালয়

**ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।**

| ক্রমিক | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১. | অনলাইন আইসিটি সল্যুশন সিস্টেম | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগণ আইসিটি সাপোর্ট ও সল্যুশন সিস্টেম ব্যবহার করে অনলাইনে ক্যাটাগরিভিত্তিক (কম্পিউটার হার্ডওয়্যার সফট ওয়্যার, ই-নথি, ওয়েবমেইল, ইন্টারনেট, এন্টিভাইরাসসহ) অন্যান্য আইসিটি সংশ্লিষ্ট সমস্যার বিবরণ লিখে সাবমিট করছেন। তা দেখে আইসিটি শাখা হতে দ্রুত আইসিটি সাপোর্ট প্রদান করা হচ্ছে। মন্ত্রণালয়ের আইসিটি শাখা সার্বক্ষণিক উক্ত সফটওয়্যারটির সার্ভার ব্যবস্থাপনা মনিটরিং ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম নিয়মিত পরিচাল না করা হচ্ছে। অধিকন্তু মন্ত্রণালয়ের বছরভিত্তিক আইসিটি সম্পর্কিত বিভিন্ন সমস্যার বিস্তারিত বিবরণ উক্ত সফটওয়্যারটির মাধ্যমে পাওয়া যাচ্ছে এবং গ্রাফিকেল ডাটা এন্যালাইসিস রিপোর্ট দেখা যাচ্ছে। এতে উদ্ভূত অধিকতর সমস্যাসমূহ নির্ণয়ের মাধমে সমাধান প্রক্রিয়া আরও গতিশীল করা সম্ভব হচ্ছে এবং এতে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীর ভোগান্তি শূন্যে নেমে এসেছে। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আইসিটি সাপোর্ট ও সল্যুশন সিস্টেম সফটওয়্যার টির লিং দেয়া হয়েছে।   | সেবাটি বর্তমানে কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন | http://onlineict.alimzaman.live/ | |
| ০২. | মিল ম্যানেজমেন্ট সফটওয়্যার | সফটওয়্যারটির মাধ্যমে রাষ্ট্রায়ত্ব, বিরাষ্ট্রায়ত্ব, বেসরকারিকরণকৃত ও লিকুইডেশন সেলের আওতাভুক্ত মিল সম্পর্কে বিনিয়োগকারীদের প্রাথমিক তথ্য প্রদান। বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ণ, তথ্য সংরক্ষণ। মিল মালিক, শ্রমিক, কর্মকর্তা-কর্মচারী ও সরকারের সাথে সম্পর্ক জোরদারকরণ, অংশীদারিত্ব বৃদ্ধিকরণ। প্রতিবেদন প্রস্তুতকরণ,মিল পরিবীক্ষণ/ তত্ত্বাবধান ও মামলা মনিটরিং । | সেবাটি বর্তমানে কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন | https://motjbd.com/public/login | |

| ক্রমিক | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | |  | | | | |
| ০৩ | ই-লাইব্রেরী ম্যানেজমেন্ট সিস্টেম | তথ্য প্রযুক্তি ভিত্তিক ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের সহায়ক হিসেবে মন্ত্রণালয়ের লাইব্রেরী ব্যবস্থাপনা আরও যুগোপযোগী করার নিমিত্ত ই-লাইব্রেরী ম্যানেজমেন্ট সিষ্টেম সফটওয়্যার তৈরি করা হয়েছে । যার মাধ্যমে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের লাইব্রেরীতে কি কি বই আছে তার তালিকা জানা সম্ভব হচ্ছে। অনলাইনে মন্ত্রণালয় সংশ্লিষ্ট আইন, বিধি ও নীতিমালা সমূহ পড়া যাচ্ছে। লাইব্রেরী সংক্রান্ত ব্যবস্থাপনা যেমন সহজ হবে তেমনি ওয়েবে কন্টেন্ট থাকার কারণে পাঠক সংখ্যাও বৃদ্ধি পাবে। উক্ত সফটওয়্যারটির লিং অত্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ই-ব্যবস্থাপনা-২ সেবাবক্সে প্রদান করা হয়েছে।<br> | সেবাটি বর্তমানে কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন | http://www.motjelibrary.22web.org/ | |
| ০৪ | অনলাইনে বাসা বরাদ্দের আবেদন | বাংলাদেশ বরাদ্দ বিধিমালা অনুসারে সরকারি আবাসন বরাদ্দ প্রদান করা হয়। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মচারিগণ উক্ত বাসা বরাদ্দের জন্য বর্তমানে নির্দিষ্ট আবেদন ফরমে হার্ড কপিতে আবেদন করে থাকেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে মন্ত্রণালয়ের প্রশাসন শাখা হতে আবেদনসমূহ গ্রহণ করা হয়। পরবর্তীতে আবেদনসমূহ যাচাই বাছাই সম্পন্ন করা হয় এবং তা সুপারিশসহ সরকারি আবাসন পরিদপ্তরে প্রেরণ করা হয়। এই প্রক্রিয়াকে সহজিকরণের লক্ষ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে অনলাইনে বাসা বরাদ্দের আবেদনের একটি সফটওয়্যার তৈরি করা হয়েছে। উক্ত ডিজিটাল সেবাটি ব্যবহার করে কর্মচারিগণ খুব সহজেই বাসা বরাদ্দের আবেদন অনলাইনেই সম্পন্ন করতে পারছেন। এতে সময় এবং খরচের সাশ্রয় হচ্ছে। ফলে ডিজিটাল সার্ভিসটি ব্যবহার করে সেবাগ্রহীতাগণ বিশেষভাবে উপকৃত হচ্ছেন। | সেবাটি বর্তমানে কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন | http://motjonlinebasa.com/ | |

| ক্রমিক | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়া টি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | |  | | | | |
| ০৫ | "ই-স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম" | স্টোর ব্যবস্থাপনায় অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের নিমিত্ত ডিজিটাল স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম প্রস্তুত করা হয়েছে। বর্তমানে সফটওয়্যার এর সাহায্যে স্টোরের মালামাল ইস্যুর বিবরণ ও সমাপনী মালামালের অবস্থা খুব সহজেই পাওয়া যাচ্ছে। কর্মকর্তাগণ মালামালের মজুদের অবস্থা দেখে তাঁর মালামালের রিকুইজেশন দিতে পারছেন। মালামাল গ্রহন, ইস্যু,মালামালের দিনভিত্তিক, মাসভিত্তিক ও বাৎসরিক প্রতিবেদন তৈরি করা যাচ্ছে। ডিজিটাল-স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়ন করার ফলে স্টোর ব্যবস্থাপনায় অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হচ্ছে এবং TCV(Time, Cost, Visit) হ্রাস পেয়েছে এবং সকল কর্মকর্তা/কর্মচারীর ভোগান্তি শূন্যে নেমে এসেছে।<br> | সেবাটি বর্তমানে কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন | https://motjdigitalstore.gov.bd/login | |